দূরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

# CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-৩৪/২০২৬ তারিখঃ ১৮/০৬/২০২৬ খ্রি.

**সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টমস মামলা ও বিরোধ নিষ্পত্তি শাখা এর জারিকৃত আদেশ, নথি নং-০৮.০১.০০০০.০০০.০৫৯.৯৯.০০০১.২৬.৪, তারিখঃ ০৯/০৬/২০২৬ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

দেবাশীষ চৌধুরী
উপ-সচিব

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
[কাস্টমস মামলা ও বিরোধ নিষ্পত্তি শাখা]

স্মারক নং- ০৮.০১.০০০০.০০০.০৫৯.৯৯.০০০১.২৬.৪

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ
০৯ জুন, ২০২৬ খ্রি.

**বিষয়ঃ কাস্টমস হাউস, কাস্টমস স্টেশন এবং কাস্টমস বন্ড কমিশনারেটসমূহের শুল্কায়ন ও লাইসেন্স সংক্রান্ত নথির গোপনীয়তা রক্ষা।**

## আদেশ

বিভিন্ন কাস্টমস্ হাউস, কাস্টমস স্টেশন এবং কাস্টমস্ বন্ড কমিশনারেটসমূহের শুল্কায়ন ও লাইসেন্স সংক্রান্ত নথি (নোটশিট বা নোটশিটসহ) সংক্ষুব্ধ ব্যক্তিবর্গ কাস্টমস্ কর্তৃপক্ষের অবৈধভাবে প্রতিলিপি (কপি) তৈরি করে বেআইনি প্রক্রিয়ায় মাননীয় আদালতে দাখিল করছে মর্মে লক্ষ্য করা যাচ্ছে। এ বিষয়ে মাননীয় আদালত বিভিন্ন সময় অসন্তোষ প্রকাশ করেছেন বলেও এ দপ্তরের গোচরীভূত হয়েছে।

০২। এ বিষয়ে নিম্নরূপ আইনি বিধান বিদ্যমান রয়েছে।

(১) Evidence Act, 1872 এর Section-123 অনুযায়ী বিনা অনুমতিতে অপ্রকাশিত কোনো সরকারী তথ্য প্রমাণক হিসেবে উপস্থাপনের ক্ষেত্রে বিধি-নিষেধ রয়েছে;

(২) তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-২ এর দফা (চ) এ উল্লিখিত তথ্যের সংজ্ঞানুযায়ী দাপ্তরিক নোট শিট বা নোট শিটের প্রতিলিপি তথ্য হিসাবে অন্তর্ভূক্ত নয়। অর্থাৎ, নোট শিট বা এর প্রতিলিপি গোপনীয় ও স্পর্শকাতর দলিল হিসাবে বিবেচিত;

(৩) কাস্টমস্ আইন, ২০২৩ এর ধারা-২৬১ অনুযায়ী নোটশিটসহ নথির তথ্য গোপনীয়।

(৪) কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং (সিএন্ডএফ) এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৬ এর বিধি-১৯ এর দফা (ঝ) অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কাস্টমস্ স্টেশনের রেকর্ড বা কাস্টমস্ কর্তৃপক্ষের অধিকারে থাকা কোনো তথ্য সংগ্রহ না করা সিএন্ডএফ এজেন্টের দায়িত্ব ও কর্তব্যের অন্তর্ভূক্ত;

(৫) কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং (সিএন্ডএফ) এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৬ এর বিধি-২২ এর উপ-বিধি (২) অনুযায়ী এহেন অপরাধে লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট লাইসেন্স বাতিলসহ জরিমানা আরোপের বিধান রয়েছে;

(৬) কাস্টমস্ আইন, ২০২৩ এর ধারা-২৪৫ এর উপ-ধারা (২) এর বিধানমতে আমদানিকারকের প্রতিনিধি (সিএন্ডএফ এজেন্ট) কর্তৃক কৃত কোনো কাজের দায় আমদানিকারকের উপর বর্তায় এবং একই ধারার উপ-ধারা (৩) এর বিধানমতে সিএন্ডএফ এজেন্টেরও আমদানিকারকের ন্যায় একইভাবে দায় ও বাধ্যবাধকতা রয়েছে।

(৭) কাস্টমস্ আইন, ২০২৩ এর ধারা-২৬০ এর বিধান অনুসরণপূর্বক কোনো কাস্টমস্ কর্মকর্তা কর্তৃক গৃহীত কোনো সিদ্ধান্তের বিষয়ে সরাসরি আগ্রহী কোনো ব্যক্তির জাতীয় রাজস্ব বোর্ড নির্ধারিত ফি প্রদানপূর্বক আবেদন দাখিলের প্রেক্ষিতে উক্ত সিদ্ধান্তের সত্যায়িত অনুলিপি সংগ্রহ করার সুযোগ রয়েছে।

০৩। বর্ণিতাবস্থায়, শুল্কায়ন ও লাইসেন্স সংক্রান্ত নথির গোপনীয়তা রক্ষা করা এবং এতদসংশ্লিষ্ট বিধি-বিধান কঠোরভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো। অন্যথায়, নথি পেশ ও অনুমোদন প্রক্রিয়ার সাথে জড়িত দায়ী ব্যক্তি, সংশ্লিষ্ট আমদানিকারক ও তাঁর প্রতিনিধি (সিএন্ডএফ এজেন্ট) এবং লাইসেন্সির বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। কাস্টমস্ আইন, ২০২৩ এর ধারা-২৬৬ এ প্রদত্ত ক্ষমতাবলে জারিকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/
(মোঃ শাহাদাত জামিল)
দ্বিতীয় সচিব (কাস্টমস মামলা ও বিরোধ নিষ্পত্তি)
Email: customsomonnoynbr@gmail.com